# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

স্থান ঃ থিয়েটার ইনষ্টিটিউট, চট্টগ্রাম

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**

Bangladesh 50

আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ |
| স্থান | : | থিয়েটার ইনিস্টিটিউট, চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে চট্টগ্রামের গণ্যমান্য ব্যক্তির মৃত্যুতে শোক প্রকাশ ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব খালেদ মাহমুদ-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩১তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগ ওয়ারী গৃহিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণদের বিশেষত জলাবদ্ধতা নিরসণ, মশক নিধন বিষয়ে সার্বিক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন এবং বিউবো, সিডিএ ও ওয়াসার প্রতিনিধি সাধারণ সভায় উপস্থিত না থাকায় উক্ত সংস্থাগুলো সম্পর্কিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলোর বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা সম্ভব না হওয়ায় গৃহিত সিদ্ধান্তগুলো পুণরায় কার্যবিবরণীতে অর্ন্তভুক্ত করার প্রস্তাব করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১ ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোবারক আলী জন্ম নিবন্ধনের জন্য ওয়ার্ড অফিসে টোনার, কাগজ, মনিহারী জিনিসপত্র পর্যাপ্ত সরবরাহ না করায় এবং প্রতিনিয়ত সার্ভার ডাউন থাকায় জন্ম নিবন্ধন কার্যক্রম পরিচালনা করা বিঘ্ন ঘটছে বিধায় এ বিষয়ে জরুরি ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। তিনি বায়েজীদ থেকে অক্সিজেন রোড এবং

বহদ্দারহাট থেকে চাঁন মিয়া সওদাগর রোড হয়ে ডেন্টাল মেডিক্যাল কলেজ পর্যন্ত খানাখন্দে ভর্তি সড়কসমূহ চলাচলের উপযোগিতা নেই বিধায় আগামী জাতীয় সংসদ নির্বাচনের আগে জরুরিভিত্তিতে সংস্কারের অনুরোধ জানান। তিনি জিইসি মোড়ে চসিকের মালিকানাধীন ভবনের দীর্ঘ ১০ বছর আগে প্রদত্ত বরাদ্দের টাকা পরিশোধ না করার পরেও ৫ টাকা দরে বরাদ্দ দেয়ার চেষ্টা চলছে বিধায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি বিবেচনায় নিয়ে তাতে স্থগিত পোষণ করে এ সম্পর্কে ব্যাখ্যা প্রদানের লিখিত আবেদন দাখিল করেছেন মর্মে জানান যা মাননীয় মেয়র মহোদয় সংশ্লিষ্ট বিভাগকে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি বিষয়টি সাধারণ সভার মাধ্যমে নিষ্পত্তির দাবী জানান।

১.২১নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জহুরুল আলম জসিম বলেন, আকবর শাহ, খুলশী ও ফয়েজ লেকের মতো পর্যটন এলাকার রাস্তার উপর স্থাপিত দোকানগুলো চসিকের উদ্যোগে উচ্ছেদ করলেও পুলিশের সহায়তায় আবার দোকানগুলো বসছে যার ফলে এলাকার তীব্র যানজট ও দুর্ঘটনা ঘটছে। আকবরশাহ মাজার রোডের দোকানগুলো সিটি কর্পোরেশন কর্তৃক উচ্ছেদের এক ঘন্টার মধ্যে আবার বসে যায়। আকবরশাহ এলাকায় ৪০০ অবৈধ ব্যাটারি রিকশা চলছে এবং এলাকায় মাদক বিক্রেতাদের দৌরাত্ম অতিমাত্রায় বৃদ্ধি পাওয়ায় সাধারণ জনগণের নিরাপত্তা রক্ষার্থে এ বিষয়ে জরুরি ভিত্তিতে পুলিশ প্রশাসনকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

১.৩ ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ইসমাইল বলেন, কাট্টলী ওয়ার্ডে ১৮-২০টা দূর্গাপূজা হয় কিন্তু এলাকার সড়কগুলো খানাখন্দকে ভরপুর। তাই দূর্গোৎসবের পূর্বে যাতে জরুরি ভিত্তিতে সড়কগুলোকে সংস্কার করা হয় সে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি তার ওয়ার্ডের ও ১২ ওয়ার্ডের মধ্যবর্তী সিডি রোডের ঝুঁকিপূর্ণ স্থানে জরুরি ভিত্তিতে গতিরোধক স্থাপনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

১.৪.১২নং সরাইপাড়া ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নুরুল আমিন বলেন, ১১ ও ১২ ওয়ার্ডের মাঝখানে অবস্থিত সিডি রোডে দ্রুত গতিতে যানবাহন চলাচলের জন্য সাধারণ জনগন ও স্কুল কলেজগামী ছাত্রছাত্রীর রাস্তা পারাপার কঠিন হয়ে পড়েছে। তাই উক্ত স্থানে একটি ফুটওভার ব্রীজ করার অনুরোধ জানাই এবং আপাতত এ স্থানে ট্রাফিক পুলিশের মাধ্যমে হলেও পথচারী পারাপার নির্বিঘ্ন করার অনুরোধ জানাই। ১২নং ওয়ার্ডের জনগন ২ মাসের অধিক সময় ধরে ওয়াসার পানি পাচ্ছে না। এ ক্ষেত্রে ওয়াসা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে সংযোগ লাইন পরিবর্তন করার কথা বলা হলেও ওয়াসা তা অদ্যাবধি করেনি। তাই দ্রুত পাইপ লাইন পরিবর্তন করে জনগণের সুপেয় পানি পাওয়ার পথ সুগম করার জন্য সভার মাধ্যমে ওয়াসা কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

১.৫.১৭ নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ শহিদুল আলম ওয়ার্ডের সেকেন্ডারি নালাসমূহ পরিষ্কারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। জনসংখ্যা ও আবাসিক ভবনের নিরিখে ক্রমবর্ধমান বাকলিয়া ওয়ার্ডের ড্রেনেজ ব্যবস্থা সচল রাখা ও পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করার জন্য পর্যাপ্ত পরিচ্ছন্ন কর্মী নেই উল্লেখ করে তিনি তার ওয়ার্ডে আরো পরিচ্ছন্ন কর্মী প্রদানের অনুরোধ জানান।

১.৬.২১নং জামালখান ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব শৈবাল দাশ সুমন বলেন, ব্যাটারিচালিত রিক্সার কারণে নিয়মিত দুর্ঘটনা ঘটছে বিধায় রিক্সাগুলোকে সোলার রিক্সায় রূপান্তর সমীচীন হবে না। তিনি ব্যাটারিচালিত রিক্সা বন্ধের সিদ্ধান্তকে গুরুত্বের সাথে বিবেচনাপূর্বক শোরুমগুলোতে অভিযান পরিচালনা করার জন্য সকল দপ্তর সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করতেঅনুরোধ জানান।

১.৭. ২৯ নং পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব গোলাম মো. জোবায়ের বলেন, মশক নিধন কর্মীরা নিয়মিত ঔষধ ও বগার স্প্রে করে এবং তা নিয়মিত মনিটরিং করা হয়। শুধু পরিচ্ছন্নতা বিভাগ নয় বিদ্যুৎ, যান্ত্রিক সব বিভাগের সাথে কাউন্সিলররা সমন্বয় করে কাজ করে। তিনি সংশ্লিষ্ট বিভাগগুলোকে আরো বেশি সহযোগিতা মাধ্যমে নাগরিক সেবা বৃদ্ধি করার অনুরোধ করেন।

১.৮. ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব জহর লাল হাজারী বলেন, বাকলিয়া, আমানত শাহ মাজার, কোর্ট বিল্ডিং এর মুখে ব্যাটারি চালিত রিকসা কারণে নিয়মিত দুর্ঘটনা ঘটছে। আন্দরকিল্লা মোমিন রোডে রাস্তা দখল করে হকার বসছে। কিন্তু পুলিশ প্রশাসন নীরব ভূমিকা পালন করছে। তিনি পুলিশ প্রশাসনকে এ বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহনের অনুরোধ জানান। তিনি ডোর টু ডোর কর্মচারীদের উৎসব ভাতা প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান।

১.৯. ৩৩নং ফিরিঙ্গিবাজার ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাসান মুরাদ ডোর টু ডোর কর্মীদের উৎসব ভাতা প্রদানের অনুরোধ জানান। তিনি ফিরিঙ্গিবাজারসহ বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের অনুরোধ জানান। তিনি বিভিন্ন স্থানে খানাখন্দযুক্ত রাস্তা মেরামত, নর্দমায় স্লাব নির্মাণ এবং নষ্ট সড়কবাতিগুলো প্রতিস্থাপনের ব্যবস্থা করার অনুরোধ জানান। তিনি সেবা

সংস্থাগুলো সম্পর্কে গৃহিত সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনার জন্য তিন মাস অন্তর অন্তর সংস্থা প্রধানদের সাথে সমন্বয় মিটিং করার অনুরোধ জানান।

১.১০. ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ আবদুল মান্নান বলেন, ১১তম সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ডকে মুজিব নগর ওয়ার্ড হিসাবে নামকরনের সিদ্ধান্তটি অদ্যাবধি মন্ত্রণালয়ের অনুমোদন না হওয়ায় এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান।

১.১১. ১৫নং বাগমনিরাম ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন ২৫০০ কোটি টাকার প্রকল্প থেকে যান্ত্রিক বিভাগের জন্য প্রদত্ত বরাদ্ধ অনুযায়ী প্রয়োজনীয় যানবাহনগুলো অন্তর্ভুক্ত করে ক্রয়ের ব্যবস্থা গ্রহণে সভাকে অনুরোধ জানান।

১.১২ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী জনাব আশিকুল ইসলাম ২৮অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু টানেল উদ্বোধন উপলক্ষে টানেলের সন্মুখস্থ আউটার রিং রোডের আলোকায়নের জন্য সিডিএ কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।
১.১৩. স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক ডা. সুমন বড়ুয়া বলেন, চট্টগ্রাম বিভাগে গত কয়েকদিনে ডেঙ্গু পরিস্থিতি কিছুটা উন্নতি ঘটেছে। স্বাস্থ্য বিভাগের পাশাপাশি ডেঙ্গু নিয়ন্ত্রণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নানা কার্যক্রম বাস্তবায়ন করছে। তিনি সাধারণ সভার আলোচনায় ও কার্যবিবরণীতে অন্যান্য বিভাগের মতো চসিকের স্বাস্থ্য বিভাগের কার্যক্রম অর্ন্তভুক্ত করার অনুরোধ জানান।

১.১৪.চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যান্ত্রিক শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মো. আকবর আলী বলেন, ২৫০০ কোটি টাকার প্রকল্পে রোলার, কেভেটরসহ ১৬টি ইকুইপমেন্ট ক্রয়ের ব্যবস্থা আছে। মাঝখানে সরকার কর্তৃক ইকুইপমেন্ট ক্রয় বন্ধ রাখা হয়। ইতোমধ্যে সরকার অনুমতি প্রদান করেছেন বিধায় ইকুইমেন্টের টেন্ডার আহবান করা হবে। পরবর্তীতে প্রকল্পে নির্ধারিত ইকুপমেন্টের পরিবর্তে প্রয়োজনীয় ইকুপমেন্ট সংযোজন করার জন্য মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

১.১৫ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা(ভারপ্রাপ্ত) ডা. ইমাম হোসেন রানা বলেন, ডেঙ্গু নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, চসিকের সকল ওয়ার্ডের চিকিৎসকবৃন্দ নিয়ে সমন্বয় সভা হয়েছে। তাছাড়া ডেঙ্গু মৌসুম শুরু হবার পূর্বে মাননীয় মেয়র মহোদয় চসিক স্বাস্থ্য বিভাগের সাথে প্রস্তুতিমূলক সভা করেছেন। চসিক জেনারেল হাসপাতালে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে। তাছাড়া গত বছর ৮ লক্ষাধিক রোগীকে চসিক স্বাস্থ্য সেবা প্রদান করে। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্যসেবা রিপোর্টগুলো MIS সিস্টেমে প্রেরনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধির সহযোগিতা কামনা করেন। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কীটতত্ত্ববিদের আবশ্যকতা রয়েছে বিধায় তা অর্গানোগ্রামে সংযোজিত হয়েছে মর্মে উল্লেখ করেন।

১.১৬ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(ভারপ্রাপ্ত) জনাব আবুল হাসেম বলেন, জনবলস্বল্পতার কারনে তত্ত্বাবধানকৃত কয়েকটি ওয়ার্ডের নালানর্দমা কিছু সংখ্যক বাইরের শ্রমিক দ্বারা পরিস্কার করা হয়েছিল। বাকি ওয়ার্ডগুলোতে এ প্রক্রিয়ায় নালা নর্দমাগুলো পরিস্কার করলে ভালো হতো। পরিচ্ছন্নতা বিভাগের জন্য ডাম্প ট্রাক, লং বোম, চেইন ডুজার দ্রুত সংগ্রহ করা প্রয়োজন। ২৫০০ কোটি টাকার প্রকল্প থেকে গাড়িগুলো জরুরি ভিত্তিতে ক্রয় করা দরকার। ডেঙ্গু নিয়ন্ত্রনে চসিক ঔষধ প্রয়োগ ও সচেতনতামূলক দুই ধরনের প্রক্রিয়াতেই ব্যাপকভাবে কাজ করছে। গত বছর IEDCR এর রিপোর্টের ভিত্তিতে ডেঙ্গুর হট স্পটগুলোতে ঔষধ প্রয়োগের ফলে ডেঙ্গু প্রকোপ কম ছিল। কিন্তু এ বছর এ ধরনের রিপোর্ট দেয়া হয়নি। তাছাড়া চসিকে কোন কীটতত্ত্ববিদ না থাকায় ডেঙ্গুর ঝুঁকিপূর্ণ স্থানসমূহ সনাক্ত করা সম্ভব হচ্ছে না। তাই স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ডেঙ্গুর ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিত করে দিলে ঐ স্থানে জোরদারভাবে মশক নিধন অভিযান পরিচালনা করলে অধিক সুফল পাওয়া যেত। তিনি স্বাস্থ্য অধিদপ্তরের কীটতত্ত্ববিদের সাথে চসিকের মশক নিধন কর্মকর্তা নিয়মিত সমন্বয়ের মাধ্যমে সঠিক কর্মপন্থা নির্ধারনের জন্য সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। ডেঙ্গু দমনে ওয়ার্ডের মশক নিধন কর্মীদের তদারকি বৃদ্ধি করার জন্য তিনি কাউন্সিলরদের অনুরোধ করেন।

১.১৭চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তাজনাব নজরুল ইসলাম জানান, ২০২৩-২৪ অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের দাবী নির্ধারিন করা হয়েছে ৪২৪ কোটি ৬৯ লক্ষ ৮৬ হাজার ৭৩০ টাকা এর মধ্যে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত আদায় হয়েছে ৮৭ কোটি ৩৭ লক্ষ ৯৯ হাজার ৮১ টাকা যা মোট দাবীর ২১% এবং গত বছরের একই সময়ের তুলনায় প্রায় ১১ কোটি টাকার বেশি। ট্রেড লাইসেন্সের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩৩ কোটি ৫০ লক্ষ ৩ হাজার ৪৬০ টাকা এবং এ অবধি আদায় হয়েছে ১৫ কোটি ৪৯ লক্ষ টাকা যা মোট দাবীর ৪৬%। তিনি স্থানীয় সরকার দিবসে সেরা করদাতাকে পুরস্কৃত করায় মাননীয় মেয়রকে ধন্যবাদ জানান। তিনি বলেন, অর্থ ও সংস্থাপন কমিটি কর্তৃক রাজস্ব বিভাগের কর আদায়কারী, উপকর কর্মকর্তা, কর কর্মকর্তাদের সাথে ফলপ্রসু সভায় বেশ কয়েকটি বিষয় উঠে এসেছে। ট্রেড লাইসেন্স শতভাগ অনলাইনে হচ্ছে। হোল্ডিং ট্যাক্স এখনো শতভাগ অনলাইন করা সম্ভব হয়নি। সিটি ডেভেলাপমেন্ট চার্জের বিষয়ে

শীঘ্রই পত্র প্রদানের ব্যবস্থা করা হবে। তিনি বহদ্দারহাট মার্কেটের অফিসটি হস্তান্তরের অনুরোধ জানালে ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশল বিভাগের মাধ্যমে প্রস্তাব উপস্থাপনের জন্য পরামর্শ দেন।

১.১৮ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম বলেন, ২৫০০ কোটি টাকার প্রকল্পে প্রায় ৮০০ কোটি টাকার ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। বারৈপাড়া খাল খনন প্রকল্পে ৫৫% কাজের ভৌত অগ্রগতি সাধিত হয়েছে। বাকি ১টি প্যাকেজ চলমান বিবেচিত হলে নির্ধারিত ২০২৪ সালের ডিসেম্বর মধ্যে প্রকল্পটি সম্পন্ন করা সম্ভব হবে। সেবক কলোনী নির্মাণ প্রকল্পে সেবকদের জন্য তৈরি দোতলা ৭টা বিল্ডিংয়ের মধ্যে ৫টার কাজ হচ্ছে বাকী ২টি বিল্ডিংয়ের কাজ হচ্ছে না। LOC প্রকল্পের মূল্যায়নের প্রক্রিয়া শেষ হয়েছে। এখন মন্ত্রণালয় ও এক্সিম ব্যাংক অব ইন্ডিয়ার অনুমোদন পাওয়া গেলে ছয় মাসের মধ্যে প্রকল্পের কাজ শুরু করা যাবে। বাস টার্মিনাল নির্মাণ প্রকল্পের কাজ এ বছর শেষ হয়ে যাবে। পে-পার্কিং নীতিমালার বিষয়ে পুলিশ বিভাগের সাথে যোগাযোগ করলে তারা অনাগ্রহ প্রকাশ করে। তথাপি প্রকৌশল বিভাগ পে-পার্কিংয়ের খসড়া নীতিমালা তৈরী করেছে যা মাননীয় মেয়র বরাবর পেশ করা হয়েছে যা অনুমোদন হলেও পে-পার্কিং চালু করা যাবে। তিনি প্রকৌশল বিভাগের রিভাইস অর্গানোগ্রাম দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন। । পে-পার্কিং কার্যকরের জন্য চসিকের মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ পার্কিং এর ক্ষেত্রে জরিমানা করার জন্য ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা পরামর্শ দেন।

১.১৯ চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের সহকারি পুলিশ কমিশনার (ক্রাইম) নূরে আলম মাহমুদ বলেন, ব্যাটারিচালিত রিক্সা নিয়ন্ত্রণের বিষয়ে চসিকের প্রকৌশল বিভাগ, রাজস্ব বিভাগ ও ট্রাফিক বিভাগ সমন্বয়ে কমিটি গঠন করে রিক্সাগুলোকে লাইসেন্স দিয়ে নিয়ন্ত্রণ করার লাইসেন্স প্রদানের বিষয়ে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে চসিকের প্রকৌশল বিভাগের পক্ষ থেকে ট্রাফিক বিভাগের সাথে এখনো কোন যোগাযোগ করা হয়নি। যানজট নিরসনে ঢাকার ন্যায় চট্টগ্রামেও ইন্টেলিজেন্ট ট্রাফিক সিস্টেম চালুর বিষয়ে সিএমপি উদ্যোগ গ্রহনের বিষয়ে আলোচনা চলমান আছে। গুরুত্বপূর্ণ স্থানসমূহে পে-পার্কিং চালুকরণের বিষয়ে পুলিশ কমিশনার মহোদয় এখনো সিদ্ধান্ত গ্রহন করেননি। নগরীতে বিভিন্ন সড়কসমূহে যাতে কোন ভাসমান দোকান, হকার বসতে না পারে সে বিষয়ে ট্রাফিক বিভাগ পূর্বের চেয়ে অধিক তৎপর হয়েছে। এ বিষয়ে সিএমপি প্রতিনিধি স্থানীয় কাউন্সিলরদের সহযোগিতা কামনা করেন।

১.২০ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব খালেদ মাহমুদ তেহুঁ মশা নিয়ন্ত্রণ স্বাস্থ্য বিভাগের নির্দেশনা অনুসরণ করে সকলের এডালটিসাইড ও লার্ভিসাইডের নামসমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে প্রেরণের অনুরোধ জানান। তিনি বলেন, বিভাগীয় কমিশনারের কার্যালয়ে উন্নয়ন প্রকল্পের সভায় চসিকের প্রকল্পের সময়সীমা অনুযায়ী বাস্তবায়নের ধীরগতি হচ্ছে মর্মে উল্লেখ করা হয় এ বিষয়ে উন্নয়ন প্রকল্পগুলোর সুস্পষ্ট তথ্য উপাত্ত উপস্থাপনের নির্দেশ দেয়া হয়। তিনি যান্ত্রিকের প্রয়োজনীয় ইকুইপমেন্ট ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারের মাধ্যমে দ্রুত ক্রয়ের আহ্বান জানান। গত বছর সিভিল বিভাগ কর্তৃক আউটসোর্সিং ভিত্তিতে খাল নর্দমা থেকে উত্তোলনের ক্ষেত্রে এসেসমেন্ট অনুযায়ী কোন ওয়ার্ডে কি পরিমান মাটি উত্তোলন করা হয়েছে তার প্রতিবেদন প্রদানের অনুরোধ করেন এবং কাউন্সিলরদের ওয়ার্ডে কর্মরত সেবকের তালিকা প্রেরণের জন্য পূর্বের সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়টি পুনরুল্লেখ করে তা প্রেরণের জন্য অনুরোধ জানান।

১.২১ সম্মানিত সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তার বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

সভাপতি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় নগরীর সেবাসংস্থাসমূহের গুরুত্বপূর্ণ প্রতিনিধিদের উপস্থিত থাকা বাঞ্ছনীয় হলেও তারা নিয়মিত আসেনা। কিন্তু বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিডিএ ওয়াসার মতো গুরুত্বপূর্ণ সংস্থাগুলো উপস্থিত না থাকলে নগরীর উন্নয়ন যথাযথভাবে বাস্তবায়ন সম্ভব হবে না। তাই সেসব সংস্থা সাধারন সভায় নিয়মিত উপস্থিত থাকে না তাদের বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

হকার ইস্যুতে সভাপতি বলেন, সিটি কর্পোরেশন রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ করে কিন্তু রাস্তায় শৃঙ্খলা রক্ষার দায়িত্ব ট্রাফিক বিভাগের। সিটি কর্পোরেশন পরিস্থিতির উন্নয়নে উদ্যোগ নিয়েছে। সভাপতি ফুটপাত দখলের পর হকাররা এখন রাস্তাও দখল করছে। সিএমপির দায়িত্বশীলদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, যত্রতত্র যেন হকার বসতে না পারে সেজন্য স্থানীয় থানাকে নির্দেশনা দিন। ব্যাটারি চালিত রিকসা প্রসঙ্গে সভাপতি বলেন, বর্তমানে ব্যাটারিচালিত রিক্সায় অহরহ দুর্ঘটনা ঘটছে। ট্রেনিং, লাইসেন্স ছাড়াই অবৈধভাবে এ গাড়িগুলো চালান চালকেরা। তিনি বলেন, হয় এগুলোকে বন্ধ করতে হবে, না হলে জেনে বুঝে ঝুঁকি বহন করে এদের নিয়ন্ত্রণ করতে হবে।

পে-পার্কিং এর বিষয়ে সিএমপি কোন কার্যক্রম গ্রহণ না করায় সভাপতি বলেন ,বারবার বলার পরও জনপ্রতিনিধিদের ইচ্ছার প্রতিফলন ঘটেনি শহরের উপর্যুক্ত স্থানসমূহে পে-পার্কিং চালুকরণে সিএমপির নিষ্ক্রিয়তার ফলে যত্রতত্র পার্কিং হওয়ায় শহরে যানজট সমস্যা বৃদ্ধি পাচ্ছে। তিনি চসিকের প্রকৌশল বিভাগের সাথে সমন্বয় করে পার্কিং বিষয়ে সিদ্ধান্ত নিয়ে আগামী সাধারণ সভার পূর্বে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য সিএমপি কর্তৃপক্ষকে অনুরোধ করেন।

সভাপতি বলেন, যানজট কমাতে তিনস্তর বিশিষ্ট ট্রাফিক সিস্টেম চালু করতে হবে এবং রিকশার মতো ধীরগতির বাহন নিয়ন্ত্রণ করতে হবে।

সভাপতি নগরে ভবন নির্মাণবিষয়ে বলেন, অধিক প্রশস্ত রাস্তার পাশে ৮-১০ তলা বিল্ডিং নির্মাণ করা হচ্ছে। সেখানে ড্রেনের ব্যবস্থাও ভালো নয়। ফলে যানজট, জলাবদ্ধতা হবার সম্ভাবনা বেশি থাকে। তাই ভবন নির্মাণে চসিকের অনাপত্তি পত্র নিতে প্রস্তাব করছি। ক্যাবল চ্যানেল থেকেও অনুমতি নেয়া প্রয়োজন।এ বিষয়ে সিডিএকে পত্র দিতে হবে।

ডেঙ্গু প্রতিরোধের বিষয়ে সভাপতি বলেন, ডেঙ্গু জ্বর করোনার মতো ছড়িয়ে পড়ছে যা অত্যন্ত উদ্বেগজনক। তিনি ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন হবার আহবান জানান এবং এডিস মশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধন কার্যক্রম বাস্তবায়নের জন্য পরিচ্ছন্ন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। তিনি চট্টগ্রামকে বাসযোগ্য করে গড়ে তোলার জন্য সকল সংস্থা সমন্বিতভাবে কাজ করার গুরুত্ব পূনরুল্লেখ করেন।

সভাপতি বলেন, জন্ম নিবন্ধনের সমস্যা সমাধানের জন্য জন্ম নিবন্ধন রেজিষ্ট্রারকে পত্র দিতে হবে। জিইসি মোড়ের বিল্ডিং সম্পর্কে সংশ্লিষ্টদের থেকে বিস্তারিত ব্যাখা পাবার পর বর্তমান রেইটে বা প্রক্রিয়া করে সবাই মিলে সিদ্ধান্ত নিয়ে তা বরাদ্দ দেয়া হবে। চসিকের যেসব উন্নয়ন প্রকল্প চলমান আছে প্রত্যেকটিতে সাইন বোর্ড লাগিয়ে রাখতে হবে। সিটি কর্পোরেশনের বিভিন্ন উন্নয়ন প্রকল্প চলমান থাকায় তা যথাসময়ে বাস্তবায়নের জন্য প্রজেক্টভিত্তিক কোন প্রকৌশলী নিয়োগ দেয়া যায় কিনা তার আইনগতদিক খতিয়ে দেখতে হবে। তাছাড়া হরিজন সম্প্রদায়ের পক্ষ থেকে উৎসব ভাতা প্রদানের আবেদনের প্রেক্ষিতে তার আইনগত দিক যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ২৮ সেপ্টেম্বর কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত বঙ্গবন্ধু টানেল উদ্বোধন করবেন। এজন্য চসিকের উদ্যোগে স্মারক গেইট নির্মাণ, নগরীর গুরুত্বপূর্ণস্থানে বঙ্গবন্ধু ও মাননীয় প্রধানমন্ত্রীর ফেস্টুন প্রদর্শন,উদ্বোধন সরাসরি বিভিন্ন স্থানে এলইডি মাধ্যমে প্রদর্শন, আতশবাজি ও লেজার শো প্রদর্শন করা হবে।

সভাপতি বলেন, সাধারণ সভায় গৃহিত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সচিবালয় বিভাগকে তদারকি করতে হবে। উন্নয়ন কাজের গুনগত মান বজায় রেখে সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা কাউন্সিলরদের নিবিড়ভাবেতদারকি করতে হবে, উন্নয়ন কার্যে জনগণকে সম্পৃক্ত করতে হবেএবং প্রকৌশল বিভাগকে প্রকল্পের ওয়ার্ক অর্ডার সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রদর্শন করতে হবে।

সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে চসিকের সেবা মান বাড়িয়ে চট্টগ্রামকে জলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, স্বাস্থ্যবান, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করছি।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৮ আগষ্ট ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩১তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৮ আগষ্ট ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩১তম সাধারণ সভার কার্যবিবরণী ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩১তম সাধারণ সভার কার্যবিবরণী গৃহীতরূপ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০২ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় সিটি কর্পোরেশনের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার সকল অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। নির্বাহী প্রধান (সকল) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০৩ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় দুর্যোগকালীন সময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহীত সিদ্ধান্ত, বিভিন্ন দপ্তরসমূহের গৃহীত গুরুত্বপূর্ণ সমন্বয়ভিত্তিক সিদ্ধান্তের বিষয়ে আলোচনা।

<u>৩.১ঃ সভায় বিভিন্ন আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | ১। বর্ষাকালে প্রধান সড়কসমূহের পাশে বৈদ্যুতিক খুঁটির কারণে যানবাহন চলাচল ও নগরীর রাস্তার পাশের বিভিন্ন বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিষ্কাশনে অসুবিধা হচ্ছে বিধায় খুঁটিগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। নগরীর বিভিন্ন এলাকায় বিদ্যুতের তার ঝুলে থাকার বিষয়ে ঝুঁকি এড়াতে অবিলম্বে পরিদর্শনের মাধ্যমে বিদ্যুৎ কর্তৃপক্ষ দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ঘ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | ৩১তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় অবৈধ পাইপ লাইনের বিরুদ্ধে মোবাইল কোর্টের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ১২নং ওয়ার্ডে সুপেয় পানি সরবরাহের জন্য পুরাতন পাইপ লাইন পরিবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। অনুমতিবিহীন সড়ক কর্তনকারী ঠিকাদার ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। নালা ও খাল দখলকারী ও ভিতর দিয়ে যাওয়া সকল পাইপলাইন সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম ওয়াসা<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের এর সহযোগীতা গ্রহণের বিষয়ে আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। আন্দরকিল্লা,আকবর শাহমাজার রোড, খুলশী ও কয়েজ লেকের মতো পর্যটন এলাকায় রাস্তায় যততত্র যেন হকার বসতে না পারে সেজন্য দায়িত্ব পালনকারী সংস্থা হিসেবে ট্রাফিক বিভাগকে ও স্থানীয় থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২।আকবর শাহ এলাকায় মাদক বিক্রেতাদের দৌরাত্ম অতিমাত্রায় বৃদ্ধি পাওয়ায় সাধারন জনগণের নিরাপত্তা রক্ষার্থে এ বিষয়ে জরুরি ভিত্তিতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। শহরের উপর্যুক্ত স্থানসমূহেপে-পার্কিং চালুকরনে সিএমপির নিষ্ক্রিয়তার ফলে যত্রতত্র পার্কিং হওয়ায় শহরে যানজট সমস্যা বৃদ্ধি পাচ্ছে বিধায় চসিকের প্রকৌশল বিভাগের সাথে সমন্বয় করে পার্কিং বিষয়ে সিদ্ধান্ত নিয়ে আগামী সাধারণ সভার পূর্বে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য সিএমপি কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।<br>৪ বোয়ালিয়া, আমানত শাহ মাজার ,কেটি বিল্ডিংসহ বিভিন্নস্থানে ব্যাটারিচালিত রিক্সা নিয়ন্ত্রণের বিষয়ে সিএমপির ট্রাফিক বিভাগকে জরুরিভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | ১,২ কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br><br>২-৩ ক)কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বিষয়ে আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১ জলাবদ্ধতা নিরসণ প্রকল্পের আওতায় তুলাতলী খালে চেমন আরা কালভার্টের মতো নিম্নাঞ্চলে ১০০ ফিটের মধ্যে দুটি সিল্টট্রাপ স্থাপিত হলে কোন সুফল আনবেনা। সিল্টট্রাপগুলো সাউদার্ন মেডিক্যাল, পলিটেকনিকের মতো এলাকায় স্থাপন করলে ঐ স্থানেই পাহাড়ের বালি, মাটি আটকানোর মাধ্যমে অধিক সুফল পাওয়া যাবে বিধায় এ বিষয়ে সিডিএ কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। পশ্চিম বাকলিয়া মৌসুমী আবাসিকে রাস্তার পার্শে নির্মিত ড্রেনের স্লাব না সরানোর ফলে পানি নিস্কাশনে অসুবিধা হচ্ছে বিধায় তা সরানোর জন্য সিডিএকে অনুরোধ জানানো হয়।<br>৩।সিডিএ কর্তৃক ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার রাস্তার প্রশস্ততা, রাস্তা ও ফুটপাত থেকে ভবনের দুরত্ব, পয়োঃনিস্কাশন ব্যবস্থা, ড্রেনেজ ব্যবস্থাসহ সার্বিক পরিবেশ বিবেচনায় নিয়ে অনুমোদনের ব্যবস্থা করতে হবে।(১৯ নংসহ বিভিন্ন ওয়ার্ডের প্রেক্ষিত বিবেচনায়)<br>৪। সিডিএ জলাবদ্ধতা নিরসন প্রকল্পের আওতায় কোতোয়ালী ওয়েল ফুডের মুখ থেকে কবি নজরুল ইসলাম সড়ক পর্যন্ত নালার উপর স্লাবের মাধ্যমে সৃষ্ট রাস্তাটি অন্ধকারাচ্ছন্ন থাকায় উক্ত জায়গায় মাদক ব্যবসা ও বখাটেদের উপদ্রব বৃদ্ধি পেয়েছে বিধায় এ সড়কটিতে আলোকায়নে সিডিএ কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।<br>৫। নগরীর বায়তুশ শরফ সড়ক সংস্কার,বায়েজীদ লিংক রোড সংলগ্ন পাহাড় টেকসইভাবে সুরক্ষার ব্যবস্থা এবং কাজ সমাপ্ত করে চসিককে বুঝিয়ে দিতে অনুরোধ জানানো হয়।<br>সিডিএ কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে চাক্তাই খাল, হিজরা খাল, মির্জা খাল,<br>৬। সিডিএ কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে চাক্তাই খাল, হিজরা খাল, মির্জা খাল, মহেশ খালসহ বিভিন্ন খালের মাটি পরিপূর্ণ উত্তোলনের কাজচলমান শুষ্ক মৌসুমের মধ্যে সম্পন্ন করে জলাবদ্ধতা নিরসণে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গত বছর অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম যথার্থভাবে সম্পন্নের জন্য স্থানীয় কাউন্সিলরদের সাথে নিয়মিত সমন্বয় সাধন করতে হবে।<br>৭।২৮অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু টানেল উদ্বোধন উপলক্ষে টানেলের সম্মুখস্থ আউটার রিং রোডের আলোকায়নের জন্য সিডিএ কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। | ১-২ । ক)চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম জেলা প্রশাসন বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। জেলা প্রশাসন কর্তৃক জেলাব্যাপী ডেঙ্গুর প্রকোপ রোধে এডিস মশার লার্ভা নিধনে ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে খননকৃত বারইপাড়া খালের ভূমি অধিগ্রহণের অবশিষ্ট ১টি এলএ মামলার নিষ্পত্তিকরণে এলএ শাখা দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। | জেলা প্রশাসক চট্টগ্রাম | ৩১তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় স্বাস্থ্য অধিদপ্তরের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে স্বাস্থ্য বিভাগের বিভিন্ন সময় মশকজরিপভিত্তিক ও হটস্পটসমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে প্রেরণের অনুরোধ জানানো হয়।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্যসেবা রিপোর্টগুলো MIS সিস্টেমে প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধির সহযোগিতা কামনা করা হয়।<br>৩। ডেঙ্গু দমনে স্বাস্থ্য অধিদপ্তরের কীটতত্ত্ববিদের সাথে চসিকের মশক নিধন কর্মকর্তা নিয়মিত সমন্বয়ের মাধ্যমে সঠিক কর্মপন্থা নির্ধারণে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক চসিককে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। | পরিচালক স্বাস্থ্য অধিদপ্তর | |

<u>৩:২:ঃ প্রকৌশল বিভাগ</u>

<u>৩:২.১ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রতিটি ওয়ার্ডে রাস্তা, ব্রীজ, কালভার্ট, ফুটপাত,ওভারব্রীজসহ চলমান উন্নয়ন কাজ কার্যাদেশ অনুযায়ী যথার্থভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিয়মিত স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক জনগনের সম্পৃক্ত করে তদারকি নিশ্চিতকরতে হবে। প্রকৌশল বিভাগকে প্রকল্পের কার্যাদেশ সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রদান করতে হবে।<br>২ চসিকের যেসব উন্নয়ন প্রকল্প চলমান আছে প্রত্যেকটিতে সাইন বোর্ড লাগিয়ে রাখতে হবে।<br>৩ বায়েজীদ থেকে অক্সিজেন রোড, বহদ্দারহাট থেকে চান মিয়া সওদাগর রোড, দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের সড়কসহ যে সব খানাখন্দে ভর্তি সড়কে চলাচলের উপযোগিতা নেই তা অগ্রাধিকারভিত্তিতে সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। চসিকের গৃহীত ও চলমান উন্নয়ন প্রকল্পের সংখ্যা, বাস্তবায়নের সময়সীমা উল্লেখপূর্বক সুস্পষ্ট তথ্য উপাত্ত তালিকা আকারে উপস্থাপন করতে হবে।<br>৫। ১১ ও ১২ ওয়ার্ডের মাঝখানে অবস্থিত সিডি রোডে দ্রুত গতিতে যানবাহন চলাচলের কারণে সাধারণ জনগন ও সরাইপাড়া স্কুল কলেজগামী ছাত্রছাত্রীর রাস্তা পারাপার কঠিন হয়ে পড়েছে বিধায় উক্ত স্থানে একটি ফুটওভার ব্রীজ করার সম্ভাব্যতা যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আপাতত এ স্থানে ট্রাফিক পুলিশের মাধ্যমে বা গতিরোধক স্থাপন করা হলেও পথচারীর নিবিঘ্ন পারাপার নিশ্চিত করতে হবে।<br>৬। গত বছর সিভিল বিভাগ কর্তৃক আউটসোর্সিং ভিত্তিতে নালা নর্দমার মাটি উত্তোলনের যে এগ্রিমেন্ট অনুযায়ী কোন ওয়ার্ডে কি পরিমান মাটি উত্তোলন করা হয়েছে তার প্রতিবেদন প্রদান করতে হবে।<br>৭। পে-পার্কিংয়ের জন্য প্রণীত খসড়া নীতিমালা চূড়ান্ত করে তা বাস্তবায়নের | ১ ক) সংশ্লিষ্ট কাউন্সিলর চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২-৮। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৯-১২ ক)প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| | ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮।জনগণের নিবিঘ্ন চলাচলে যাতে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ খালের গাইডওয়াল,নালার উপর স্ল্যাব, প্রতিবন্ধকসহ সকল সড়কের নির্মাণ ও মেরামত কাজ শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্ল্যাব নির্মাণ সম্ভবনয় সে স্থানে সতর্কীকরণ/নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে।প্রকৌশল বিভাগ জরুরীভিত্তিতে জোনওয়ারী এ কার্যক্রম সম্পন্ন করবেন এবং সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করবেন।<br>৯ বাড়ইপাড়া খালখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমিতে প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও গাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে এবং এক্ষেত্রে কোন অবস্থাতেই নির্দিষ্ট সময়সীমা অতিক্রম করা যাবে না। খালের দৈর্ঘ্য অনুযায়ী কতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে।বাকী একটি এলএ মামলা দ্রুত নিস্পত্তির জন্য সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করতে হবে।<br>১০। সেবককলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমান সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>১১। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি চার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>১২। ২৫০০ কোটি টাকার প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী নিয়মিত টেন্ডার আহ্বান করতে হবে এবং টেন্ডারকৃত প্রকল্পগুলো গুণগত মান অক্ষুন্ন রেখে দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | | |

<u>প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা)</u>

<u>৩:২.২ যান্ত্রিক শাখা সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | যান্ত্রিকের প্রয়োজনীয় ডাম্প ট্রাক, লং বোম, চেইন ডুজারসহ প্রয়োজনীয় ইকুপমেন্ট ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারের মাধ্যমে দ্রুত ক্রয়ের ব্যবস্থা করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চসিকের বিভিন্ন সড়কসমূহের নষ্ট সড়কবাতিগুলো প্রতিস্থাপনের ব্যবস্থা করতে হবে।<br>২ নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করতে হবে।<br>৩। এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:২:৪ঃ প্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ১৪/০৯/২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক ১৪-০৯-২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয় এবং পিপিআর ও সরকারী নিয়মনীতি অনুসরনে গুণগত মান বজায় রেখে যথাসময়ে কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩.৩ঃ রাজস্ব বিভাগ

৩:৩.১ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনায়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে | ১. ই-রেভেনিউ পদ্ধতিতে শতভাগ রাজস্ব আদায়ের প্রক্রিয়া বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু কতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>২. সিটি ডেভেলোপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৩. বহদ্দারহাট সার্কেলের অফিসটি স্থানান্তরের জন্য প্রকৌশল বিভাগের মাধ্যমে প্রকল্পে উপস্থাপনের করতে হবে।<br>২. কাস্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩. অননুমোদিত স্লাবসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| পার্শ্বিক সিদ্ধান্ত গৃহিত হয়। | ঝ. ডিজিটাল মেট্রোর নির্মাণাধীন বিল্ডিং, সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে নির্ধারিত ফরম পাবার পর বর্তমান ফেরত না প্রযোজ্য প্রক্রিয়া অনুসরণ করে নামজারি নিলে সিদ্ধান্ত নিয়ে তা বহাল রাখার প্রস্তাব করতে হবে।<br>ঞ. সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে বেসরকারি মেডিকেল, ডেন্টাল, নিবন্ধিত শিক্ষা প্রতিষ্ঠানে আদায়কৃত প্রতিষ্ঠানের হোল্ডিং কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | |

৩:২.২:৪ রাজস্ব বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত বাস্তবায়িত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত১৬-০৮-২০২৩খ্রিঃ অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির ২২তম সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বিক সিদ্ধান্ত গৃহিত হয় | ক) গ্রাম পর্যায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তিন কমিটির সদস্য গঠিত, প্রধান রাজস্ব কর্মকর্তা,প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা,আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, আইন কর্মকর্তা, নগর পরিকল্পনাবিদ,এবং প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট ওয়ার্ড/এলাকার নির্বাহী প্রকৌশলী, সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে যার মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির ২৩তম সভার গৃহিত অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ |
| | (গ)চলমান রিভিউ বোর্ডে আজ কমিটির একজনকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করার জন্য সুপারিশ করার বিষয়টি সাধারণ সভায় অনুমোদিত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | (ঘ)আগামী মাস থেকে প্রতিটি ওয়ার্ড ভিত্তিক কর আদায়ের সাপেক্ষে উক্ত তালিকায় মোট করদাতার সংখ্যা, হালনাগাদ পর্যন্ত কর প্রদানকারীর সংখ্যা এবং বকেয়া করদাতার সংখ্যার তালিকায়(সরকারী/বেসরকারী) একটি ফরমেট আকারে তৈরি করে প্রতিটি ওয়ার্ড কার্যালয়ে সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর বরাবরে দাখিল করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | ঙ)রাজস্ব আদায়ের ক্ষেত্রে ফলন অনুমতি পত্র পরিদর্শন, কর আদায়কারী তাদের উপর নির্ধারিত লক্ষ্য মাত্রা রাজস্ব আদায়ে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে বদলী অথবা বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | (জ)বেসরকারী সিকিউরিটি কোং প্রহরীদের বেতন বৃদ্ধির বিষয়ে সরকার প্রণীত আউটসোর্সিং নীতিমালা ২০১৮ অনুযায়ী সেবা মূল্যের নির্ধারিত উল্লেখিত টাকার সাথে সামঞ্জস্য রেখে বর্তমান প্রদত্ত বেতনের সাথে কি পরিমান টাকা বৃদ্ধি করা যায় বা এ বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতা আছে কিনা তা উল্লেখ করে আগামী সভার পূর্বে একটি সুস্পষ্ট প্রতিবেদন প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং কমিটির সদস্য সচিব বরাবরে প্রেরণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | (ঝ) চসিক এর তৈরীকৃত বিভিন্ন ফ্ল্যাটে চসিক এর সম্পূর্ণ টাকা পরিশোধ না করে অবৈধভাবে | প্রধান রাজস্ব | |

| | | | |
|---|---|---|---|
| | দখলদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ কোনো পর্যায়ে যে সকল [illegible] সম্পূর্ণ [illegible] সে সকল [illegible] ব্যবস্থা নিতে হবে। [illegible] কর্পোরেশনের [illegible] ব্যবস্থা গ্রহণ করবেন। | কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন এস্টেট অফিসার [illegible] সিটি কর্পোরেশন | |
| | (খ)চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিকট হতে ১৭-১৮টি। [illegible] বিষয়ে অধিকতর আলোচনার জন্য পরবর্তী সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

## ৩:৪:২ পরিচ্ছন্নতা বিভাগ

৩:৪:২:১ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সার্বিক সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। ওয়ার্ডে পরিচ্ছন্নতা কাজ যথাযথভাবে সম্পাদন করার জন্য ক্লিনার ইনচার্জ, সুপারভাইজার দায়িত্ব পালনে গাফিলতি করলে ওয়ার্ডের কাউন্সিলরদের প্রতিবেদনের ভিত্তিতে তাদের বিরুদ্ধে অবিলম্বে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। মাননীয় প্রধানমন্ত্রীর আগমন সংশ্লিষ্ট এলাকায় জোরদারভাবে পরিচ্ছন্ন অভিযান পরিচালনা করতে হবে।<br>৩। আসন্ন শীত মৌসুমের জন্য আরও মশক নিধনের ওষুধ মজুদ করে রাখতে হবে। স্প্রেম্যানদের নিয়মিত স্প্রে ও ফগিং কার্যক্রম কাউন্সিলরদের অবহিত করতে হবে।<br>৪। ডেঙ্গু প্রতিরোধে মশকের সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এমন স্থানসমূহে আরো অধিক পরিমাণে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>৫ ডেঙ্গু বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের কীটতত্ত্ববিদদের সাথে চসিকের মশক নিধন কর্মকর্তা নিয়মিত সমন্বয়ের মাধ্যমে সঠিক কর্মপন্থা নির্ধারণ করবেন। | ১ (ক)সংশ্লিষ্ট কাউন্সিলর চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অ:দা:) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অ:দা:) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক)সংশ্লিষ্ট কাউন্সিলর চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অ:দা:) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪,৫ (ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অ:দা:) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩৫.১ সচিবালয় বিভাগ সম্পর্কিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত ।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় সচিবালয় বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১)সাধারণ সভায় যেসব সংস্থার প্রতিনিধির অনুপস্থিতির কারণে গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে তাদের বিষয়ে মন্ত্রণালয়ে অবহিত পত্র প্রেরণ করতে হবে।<br>২)সাধারণ সভায় গৃহিত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে তদারকি করতে হবে।<br>৩)সিটি কর্পোরেশনের বিভিন্ন উন্নয়ন প্রকল্প চলমান থাকায় তা যথাসময়ে বাস্তবায়নের জন্য প্রকল্পভিত্তিক প্রকৌশলী নিয়োগ দেয়া যায় কিনা তার আইনগতদিক খতিয়ে দেখতে হবে।<br>৪) হরিজন সম্প্রদায়ের পক্ষ থেকে উৎসব ভাতা প্রদানের আবেদনের প্রেক্ষিতে তার আইনগত দিক যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫)প্রকৌশল বিভাগের রিভাইস অর্গানোগ্রাম দ্রুত মন্ত্রণালয়ে পাঠানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬)জন্ম নিবন্ধনের সেবা প্রদানের ক্ষেত্রে যাবতীয় ত্রুটি বিচ্যুতি ও সার্ভার জটিলতার বিষয়ে সমস্যা সমাধানের জন্য জন্ম নিবন্ধন রেজিস্ট্রারকে পত্র দিতে হবে। | ক) [illegible]<br>খ) [illegible] | |

৩:৬:১:ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। মশার প্রজননক্ষেত্র ধ্বংসে, খাদ্যের ভেজাল রোধে, অবৈধ স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্তকরণে ম্যাজিস্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br>২। রাস্তা/ নালার উপর ময়লা আবর্জনা ফেললে জরিমানার আওতায় আনতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে। | ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অঃ দাঃ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বিস্তারিত আলোচনান্তে গৃহিত সিদ্ধান্ত |

নগর পরিকল্পনা বিভাগ সম্পর্কিত স্ট্যান্ডিং কমিটি সভার গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৩-০৯-২০২৩খ্রিঃ নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির ২১তম সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | "সাগরিকা মোড় হতে জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম পর্যন্ত" সৌন্দর্যবর্ধন প্রকল্প ১০/১২/২০২০খ্রিঃ তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও "ই এস কর্পোরেশন"-এর মধ্যে সম্পাদিত চুক্তি সৌন্দর্যবর্ধন প্রকল্পের চুক্তির ৪, ৫, ১১. ১২ ও ১৫ নং শর্তানুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম পরিলক্ষিত হয়নি বিধায় চুক্তির ১৪ নং শর্ত অনুযায়ী "সাগরিকা মোড় | নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| | হতে তথ্য আইসোম চৌধুরী চেম্বিয়াম পর্যন্ত সম্পাদিত চুক্তি বাতিল করতে হবে। | | |

আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৩-০৯-২০২৩খ্রিঃ আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত গৃহীত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১ ওয়ার্ডে মাদক, সন্ত্রাস ও ইভটিজিং প্রতিরোধে আইন শৃঙ্খলা বিষয়ে নগরবাসিকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতি ওয়ার্ডে কাউন্সিলরের নেতৃত্বে ও সংরক্ষিত কাউন্সিলরসহ এলাকার গণ্যমান্য ব্যক্তি, পাড়া/মহল্লার প্রতিনিধি, শিক্ষক ,সাংবাদিক, চিকিৎসক, প্রকৌশলী, আইনজীবি,মসজিদের ইমাম , পুরোহিত ও ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণি পেশার ব্যক্তিবর্গের সমন্বয়ে ন্যূনতম ০৩টি ও উর্দ্ধে ১৫টি পাড়া সমন্বয়ে ৫০ থেকে ১০০ সদস্য বিশিষ্ট মাদক, সন্ত্রাস ও ইভটিজিং প্রতিরোধ ও আইনি সহায়তা কমিটি গঠন করে উক্ত ওয়ার্ড কমিটিগুলো নিয়ে মাননীয় মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী এর উপস্থিতিতে প্রতি ওয়ার্ডে অন্তত একটি করে সভা করবেন। | ১.সভাপতি আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২.সম্মানিত কাউন্সিলবৃন্দ(সকল) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩.নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
১২.৫.২১
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৫০০.০০১.০৬.০০২.২৩- তারিখ:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ,চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড

৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিদ্যুৎ সার্কেল, [illegible]/চট্টগ্রাম
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
১৪। নির্বাহী পরিচালক ([illegible]) [illegible] বিভাগ
১৫। নির্বাহী প্রকৌশলী, [illegible]
১৬। উপ-পরিচালক, [illegible] এবং [illegible] এর কার্যালয়
১৭। উপ-পরিচালক, বি,আর,টি,এ এর কার্যালয়
১৮। [illegible], বাংলাদেশ [illegible] এর কার্যালয়
১৯। অধিনায়ক, [illegible] এর কার্যালয়
২০। কাউন্সিলর ...............................................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২১। বিভাগীয় প্রধান (সকল) ...............................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২২। প্রোগ্রামার, আইসিটি সেল (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ) ......................বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২৩। শাখা প্রধান(সকল)...............................................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২৪। অফিস কপি।

(শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
টাইগারপাস, চট্টগ্রাম।

৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩২ তম সাধারণ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম

| ক্রমিক নং | সম্মানিত কাউন্সিলরবৃন্দের নাম | ওয়ার্ডের নাম |
|---|---|---|
| ১. | মোহাম্মদ গিয়াস উদ্দিন ( প্যানেল মেয়র-২) | ১৫নং বাগমনিরাম ওয়ার্ড |
| ২. | আফরোজা জহুর (আফরোজা কালাম) (২৭,৩৭,৩৮) (প্যানেল মেয়র-৩) | সংরক্ষিত ওয়ার্ড-১২ |
| ৩. | [illegible] ( [illegible]) (৯,১০,১৩) | সংরক্ষিত ওয়ার্ড- ৪ |
| ৪. | আনজুমান আরা ( ১৪,১৫,২১) | সংরক্ষিত ওয়ার্ড নং-৫ |
| ৫. | শাহীন আক্তার রোজী (১৭,১৮,১৯) | সংরক্ষিত ওয়ার্ড নং-৬ |
| ৬. | রুমকি সেনগুপ্ত (১৬,২০,৩২) | সংরক্ষিত ওয়ার্ড নং-৭ |
| ৭. | নীলু নাগ (২২,৩০,৩১) | সংরক্ষিত ওয়ার্ড-৮ |
| ৮. | নুর আরা বেগম (২১,২৫,২৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১০ |
| ৯. | ফেরদৌসী আকবর ( ২৮,২৯,৩৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১১ |
| ১০. | বেগম [illegible] দেবী ( ৩৩,৩৪,৩৫) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৩ |
| ১১. | বেগম শাহানুর বেগম (৩৯,৪০,৪১) | সংরক্ষিত ওয়ার্ড- ১৪ |
| ১২. | জনাব গাজী মোঃ শফিউল আজিম | ০১নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ড |
| ১৩. | আলহাজ্ব মোঃ শফিকুল ইসলাম | ০৩নং পাঁচলাইশ ওয়ার্ড |
| ১৪. | জনাব মোঃ এসরারুল হক | ০৪নং চান্দগাঁও ওয়ার্ড |
| ১৫. | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন | ০৫নং মোহরা ওয়ার্ড |
| ১৬. | জনাব এম আশরাফুল আলম | ০৬ নং পূর্ব ষোলশহর ওয়ার্ড |
| ১৭. | জনাব মোঃ মোবারক আলী | ০৭ নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড. |
| ১৮. | জনাব মোঃ জহুরুল আলম জসিম | ০৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড |
| ১৯. | জনাব নিছার উদ্দিন আহমেদ | ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড |
| ২০. | জনাব মোহাম্মদ ইসমাইল | ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড |
| ২১. | জনাব মোঃ নুরুল আমিন | ১২নং সরাইপাড়া ওয়ার্ড |
| ২২. | জনাব মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী | ১৩নং পাহাড়তলী ওয়ার্ড |
| ২৩. | জনাব আব্দুল হান্নান মোঃ লোকমান | ১৪নং লালখান বাজার ওয়ার্ড |

| | | |
|---|---|---|
| ২৪. | জনাব মোঃ নূর মোস্তফা টিনু ( টিনু) | ১৬নং চকবাজার ওয়ার্ড |
| ২৫. | জনাব মোহাম্মদ শহিদুল আলম | ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড |
| ২৬. | জনাব মোঃ নুরুল আলম | ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড |
| ২৭. | জনাব চৌধুরী হাসান মাহমুদ হাসনী | ২০নং দেওয়ান বাজার ওয়ার্ড |
| ২৮. | জনাব শৈবাল দাশ সুমন | ২১নং জামালখান ওয়ার্ড |
| ২৯. | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন | ২২নং এনায়েত বাজার ওয়ার্ড |
| ৩০. | জনাব মোহাম্মদ ইলিয়াছ | ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড |
| ৩১. | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী | ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড |
| ৩২. | জনাব নজরুল ইসলাম বাহাদুর | ২৮নং পাঠানটুলী ওয়ার্ড |
| ৩৩. | জনাব গোলাম মোঃ জোবায়ের | ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩৪. | জনাব আতাউল্লাহ চৌধুরী | ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩৫. | জনাব আবদুস সালাম মাসুম | ৩১নং আলকরণ ওয়ার্ড |
| ৩৬. | জনাব জহর লাল হাজারী | ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড |
| ৩৭. | জনাব হাসান মুরাদ | ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড |
| ৩৮. | জনাব পুলক খাস্তগীর | ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড |
| ৩৯. | হাজী নুরুল হক | ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড |
| ৪০. | জনাব মোঃ মোর্শেদ আলী | ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড |
| ৪১. | জনাব মোহাম্মদ আবদুল মান্নান | ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৪২. | জনাব সেলিম মোঃ চৌধুরী | ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৪৩. | জনাব জিয়াউল হক সুমন | ৩৯নং দক্ষিণ হালিশহর ওয়ার্ড |
| ৪৪. | জনাব আবদুল বারেক | ৪০নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড |
| ৪৫. | জনাব ছালেহ আহমদ চৌধুরী | ৪১ নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড |

<u>৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩১তম সাধারণ সভায় উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা</u>

| ক্রম নং | আমন্ত্রিত অতিথিবৃন্দের নাম | পরিচিতি |
|---|---|---|
| ১ | নূরে আলম মাহমুদ | এসি (ক্রাইম), চট্টগ্রাম, মেট্রোপলিটন পুলিশ |
| ২ | বিজন কান্তি ভৌমিক | জুনিয়র সহকারী ম্যানেজার, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিঃ |
| ৩ | মোহাম্মদ রফিকুল হাসান | সহকারী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর |
| ৪ | মোঃ সোহাইদীল | সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৫ | মোঃ গোলাম মোরশেদ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৬ | ডা. সুমন বড়ুয়া | সহকারী পরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর |
| ৭ | মোহাম্মদ আলী | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স |
| ৮ | মোঃ আমীর হামজা ভূঞা | সহকারী পরিচালক, বি.আর.টি.এ |
| ৯ | মোঃ শাহিদুর রহমান | ডিএডি, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) -৭ |